



বরিশালে ইয়াবা-গাঁজাসহ আটক পুলিশ সদস্য কারাগারে



আটক পুলিশ সদস্য তনহাদ আহমেদ নিরব। ছবি: সংগৃহীত

বরিশাল নগরীতে মাদকসহ আটক হওয়া এক পুলিশ কনস্টেবলকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে। ইয়াবা ও গাঁজাসহ গ্রেপ্তার ওই সদস্যের নাম তনহাদ আহমেদ নীরব।

বৃহস্পতিবার সকালে নগরীর কেডিসি এলাকা থেকে তাকে আটক করে স্টিমারঘাট ফাঁড়ি পুলিশ। তিনি বরিশাল মেট্রোপলিটন পুলিশ লাইসেন্সের রেশন স্টোরে কর্মরত ছিলেন। পুলিশ জানায়, কেডিসি কলোনি এলাকা থেকে বের হওয়ার সময় তাকে সন্দেহজনকভাবে থামানো হয়। পরে তল্লাশি চালিয়ে তার কাছ থেকে পাঁচটি ইয়াবা ও দুটি গাঁজার প্যাকেট উদ্ধার করা হয়।

বরিশাল কোতোয়ালি মডেল থানার ওসি আল মামুন উল ইসলাম জানান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করে আসামিকে আদালতে হাজির করা হলে বিচারক তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

LENS ASIA